

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৬১

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ) (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সুবহানাল্লাহ, আল্লাহ আকবার, লা ইলাহা ইল্লাল্লাহ এবং আলহামদুল্লিল্লাহ পাঠ করার ফয়েলত

بَابَ مَا جَاءَ فِي فَضْلِ التَّسْبِيحِ وَالْتَّكْبِيرِ وَالْتَّهْلِيلِ وَالْتَّحْمِيدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا مَرْحُومُ بْنُ عَبْدِ الْعَزِيزِ الْعَطَّارُ، حَدَّثَنَا أَبُو نَعَامَةَ السَّعْدِيُّ،  
عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ، عَنْ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ، قَالَ كُنَّا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ فِي غَزَّةٍ فَلَمَّا قَفَلْنَا أَشْرَفْنَا عَلَى الْمَدِينَةِ فَكَبَّرَ النَّاسُ تَكْبِيرًا وَرَفَعُوا بِهَا أَصْوَاتِهِمْ  
فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "إِنَّ رَبَّكُمْ لَيْسَ بِأَصْمَمَ وَلَا غَائِبٍ هُوَ بَيْنَكُمْ وَبَيْنَ  
رُءُوسِ رِحَالِكُمْ". ثُمَّ قَالَ "يَا عَبْدَ اللَّهِ بْنَ قَيْسٍ أَلَا أَعْلَمُكَ كَنْزًا مِنْ كُنُوزِ الْجَنَّةِ لَا حَوْلَ  
وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَأَبُو عُثْمَانَ النَّهْدِيُّ اسْمُهُ  
عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَلِّ وَأَبُو نَعَامَةَ اسْمُهُ عَمْرُو بْنُ عِيسَى. وَمَعْنَى قَوْلِهِ بَيْنَكُمْ وَبَيْنَ رُءُوسِ  
رِحَالِكُمْ يَعْنِي عِلْمَهُ وَقُدرَتَهُ.

বাংলা

৩৪৬১. মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) ..... আবু মুসা আশয়ারী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে আমরা এক যুদ্ধে ছিলাম। ফেরার সময় মদীনা যখন আমাদের দৃষ্টি গোচর হল তখন সাহাবীরা তাকবীর ধ্বনি দিলেন এবং তাদের স্বর উচ্চ করলেন। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমাদের রব তো বধিরও নন এবং তোমাদের থেকে দুরেও নন, তিনি তো আছেন তোমাদের সাওয়ারী উট এর মাথার মাঝামাঝি। এরপর তিনি বললেনঃ হে আবদুল্লাহ ইবন কায়স! তোমাকে কি জানাতের একটি গুপ্ত ভাস্তব সম্পর্কে অবহিত করব? (তা হল)- লা হাওলা ওলা কুওয়াতা ইল্লাবিল্লাহ।

সহীহ, সহীহ ইবনু মাজাহ ৩৮২৪, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪৬১ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। আবু উচ্চমান নাহদী (রহঃ) এর নাম হল আবদুর রহমান ইবন মুল্ল। আবু নাআমা (রহঃ) এর নাম হল আমর ইবন ঈসা।

তিনি তো আছেন তোমাদের এবং তোমাদের সাওয়ারী উটের মাথার মাঝামাঝি এর মর্ম হল তার জ্ঞান ও কুদরত এখানে বিরাজমান।

## English

Abu Musa Al-Ash`ari said:

“We were with the Messenger of Allah (ﷺ) on a military expedition. When we returned, we overlooked Al-Madinah, and the people were pronouncing the Takbir, and they raised their voices with it. The Messenger of Allah (ﷺ) said: ‘Verily, your Lord is not deaf nor absent, [and] He is between you and between the heads of your mounts.’ Then he said: ‘O `Abdullah bin Qais, should I not inform you of a treasure from the treasures of Paradise: Lā ḥawla wa lā quwwata illā billāh (There is no might or power except by Allah).’”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আবু মুসা আল- আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38863>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন